

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০০৪

২৭/ আদব

পরিচ্ছেদঃ নিষিদ্ধ কিছু কথা

## আরবী

عَنْ زَيدِ بنِ خَالِدٍ قَالَ : صَلَّى بِنَا رَسُوْلُ اللهِ عَلِيْ صَلاَةَ الصَّبْحِ بِالحُدَيْبِيَّةِ فِي إِثْرِ سَمَاءٍ كَانَتْ مِنَ اللَّيْلِ فَلَمَّا انْصَرَفَ أَقْبَلَ عَلَى النَّاسِ فَقَالَ هَلْ تَدْرُونَ مَاذَا قَالَ رَبُّكُمْ ؟ قَالُوا : الله وَرَسُوْلُهُ أَعْلَمُ قَالَ قَالَ : أَصِبْحَ مِنْ عِبَادِي مُوْمِنٌ بِي وَكَافِرٌ فَأَمَّا مَنْ قَالَ : مُطِرْنَا بِفَوءِ كَذَا وَكَذَا فَخُلْكَ كَافِرٌ بِي مُؤْمِنٌ بِي مُؤْمِنٌ بِي مُؤْمِنٌ بِي مَوْمِنٌ عَلَيه فَذٰلِكَ مُؤْمِنٌ بِالكَوْكَبِ وَأَمَّا مَنْ قَالَ مُطِرْنَا بِنَوءِ كَذَا وَكَذَا فَذَا لَكَ كَافِرٌ بِي مُؤْمِنٌ بِي مُؤْمِنٌ بِالكَوْكَبِ متفق عليه

## বাংলা

(৩০০৪) যায়েদ ইবনে খালেদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা হুদাইবিয়াতে রাতে বৃষ্টি হলে আমাদেরকে ফজরের নামায পড়ানোর পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকলের দিকে মুখ করে বসে বললেন, তোমরা জান কি, তোমাদের প্রতিপালক কী বলেন? সকলে বলল, 'আল্লাহ ও তদীয় রসূল ভাল জানেন।' তিনি বললেন, ''আল্লাহ বলেন, আমার বান্দাদের মধ্যে কিছু বান্দা মু'মিন হয়ে ও কিছু কাফের হয়ে প্রভাত করেছে। সুতরাং যে ব্যক্তি বলেছে যে, 'আল্লাহর অনুগ্রহ ও তাঁর দয়ায় আমাদের উপর বৃষ্টি হল', সে তো আল্লাহর প্রতি বিশ্বাসী (মু'মিন)ও নক্ষত্রের প্রতি অবিশ্বাসী (কাফের)। আর যে ব্যক্তি বলেছে যে, 'অমুক অমুক নক্ষত্রের ফলে আমাদের উপর বৃষ্টি হল', সে তো আল্লাহর প্রতি অবিশ্বাসী (কাফের) এবং নক্ষত্রের প্রতি বিশ্বাসী (মু'মিন)।

## ফুটনোট

(বুখারী ১০৩৮, মুসলিম ২৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু খালিদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন